



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুলাই ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## দীঘিনালায় জেএসএস সন্ত্রাস্ত লারমা কর্তৃক ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা দীঘিনালা উপজেলাধীন বাবুছড়ায় এক অতর্কিত সশস্ত্র হামলায় জীবন ত্রিপুরা নামে ইউপিডিএফ সদস্যকে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে খুনের রাজনীতি বন্ধের জন্য সন্ত্রাস্ত লারমার প্রতি আহ্বান জানিয়েছেন।

আজ মঙ্গলবার ১২ জুলাই ২০২২ সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে আরও বলেন, ‘আজ সকাল ৯টার দিকে ইউপিডিএফের দীঘিনালা ইউনিটের সংগঠক জীবন ত্রিপুরা সাংগঠনিক কাজে বাবুছড়া যাচ্ছিলেন। এ সময় ধনপাদা নামক এলাকায় ওঁৎ পেতে থাকা জেএসএসের সশস্ত্র সন্ত্রাসীরা তাকে লক্ষ্য করে গুলি চালালে তিনি ঘটনাস্থলে প্রাণ হারান।’

সন্ত্রাস্ত গ্রুপের সশস্ত্র সদস্য ডা: জ্ঞান, পাভেল, বরণ ও রমেশের নেতৃত্বে উক্ত সশস্ত্র হামলা চালানো হয়েছে বলে অংগ্য মারমা বিবৃতিতে উল্লেখ করেন এবং বলেন ‘নিহত জীবন ত্রিপুরার (২২) বাড়ি রাজস্থলীর বটতলি গ্রামে এবং তিনি দীঘিনালায় একজন সাধারণ সংগঠক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।’

ইউপিডিএফ নেতা অংগ্য মারমা সন্ত্রাস্ত লারমা ও জেএসএসকে অবিলম্বে ভ্রাতৃ-হত্যার রাজনীতি বন্ধ করে ২০১৮ সালে দুই পার্টির মধ্যে প্রতিষ্ঠিত সমঝোতার শর্ত মেনে চলার জন্য আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।